

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট-এঁর কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(জেএম শাখা)
www.khagrachhari.gov.bd

নম্বর : ০৫.৪২.৪৬০০.০১২.০৯.০০৩.২৪- ৫৫৯

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক শাখা-৪ এর ২৯ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৪৫ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ এর ঘোষিত তফসিল অনুযায়ী খাগড়াছড়ি পার্বত্য জেলায় ৩য় ধাপে আগামী ২৯ মে ২০২৪ তারিখে মহালছড়ি উপজেলায় নির্বাচন উপলক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৮ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৯ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনী এলাকায় (১) ট্যান্ডি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস ও (৪) ট্রাক চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।


০২। এছাড়া ২৭ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৩০ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনী এলাকায় মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। তবে, এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে এবং নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত স্টিকার ব্যবহারের মাধ্যমে নির্বাচনের প্রার্থী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে) যানবাহনের ক্ষেত্রে শিথিল থাকবে।

০৪। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৫। উল্লেখ্য, জাতীয় মহাসড়ক, বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিক্রমে এরূপ নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

০৬। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ করা হলো। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা-কে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


(মো: সহিদুজ্জামান)


জেলা ম্যাজিস্ট্রেট
খাগড়াছড়ি পার্বত্য জেলা

ফোন : ০২৩৩৩৩৪৩৮১১; ফ্যাক্স : ০২৩৩৩৩৪৩৭২৮
e-mail: dckhagrachari@mopa.gov.bd

নম্বর : ০৫.৪২.৪৬০০.০১২.০৯.০০৩.২৪- ৫৫৯

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি/গুইমারা সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৮. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩. জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, খাগড়াছড়ি সদর/পানছড়ি/দীঘিনালা/মাটিরাঙ্গা/মহালছড়ি/গুইমারা/মানিকছড়ি/লক্ষ্মীছড়ি/রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬. জনাব সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬. উপজেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি সদর/পানছড়ি/দীঘিনালা/মাটিরাঙ্গা/মহালছড়ি/গুইমারা/মানিকছড়ি/লক্ষ্মীছড়ি/ রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. অফিস কপি।


২৭.৫.২৪

জেলা ম্যাজিস্ট্রেট
খাগড়াছড়ি পার্বত্য জেলা